PENTRAEX · ALJUBAER.COM

# স্টাডি এরিয়া ম্যাপ ব্যবহারকারীর গাইড

বাংলাদেশের যেকোনো এলাকার থিসিস-মানের ম্যাপ নিজে বানানো, প্যাকেজ কেনা, ডাউনলোড করা আর বই-কোর্স কেনার পূর্ণ নির্দেশিকা।

বিভাগ → মৌজা · সিটি কর্পোরেশন ও ওয়ার্ড · পৌরসভা ও ওয়ার্ড · নিজের ডেটা · PNG · JPG · PDF · TIFF · EPS

সংস্করণ ২.০ · ১৮ সেপ্টেম্বর ২০২৬

পেমেন্ট: ০১৯১৯৫০০৭৮০ (বিকাশ / নগদ / রকেট / উপায়) · WhatsApp: ০১৮৪২৫০০৭৮০ · aljubaer.com/atlas

# সূচিপত্র

**১. এক নজরে — এই সাইটে কী কী আছে**
কোন কাজ কোথায়

**২. অ্যাকাউন্ট ও লগইন**
রেজিস্ট্রেশন, ইমেইল যাচাই, এক লগইনে দুই সাইট

**৩. প্রথম ম্যাপ — ৭ ধাপে**
এলাকা বাছা থেকে ডাউনলোড

**৪. এলাকা বাছার সব উপায়**
সার্চ, ড্রপডাউন, একাধিক এলাকা

**৫. সিটি কর্পোরেশন ও পৌরসভার ম্যাপ**
থানা, ওয়ার্ড, ঢাকা উত্তর ও দক্ষিণ

**৬. লেয়ার, রং ও লেখা**
কী দেখাবেন, কীভাবে সাজাবেন

**৭. নিজের ডেটা আপলোড**
CSV, Excel, KML, শেপফাইল

**৮. বিশ্লেষণ**
বাফার, গণনা, Insights Lab, আগে/পরে স্যাটেলাইট

**৯. প্যাকেজ কেনা ও পেমেন্ট**
দাম, bKash/Nagad, অনুমোদন, আনলক নিয়ম

**১০. ডাউনলোড ফরম্যাট**
PNG, JPG, PDF, TIFF, EPS — কোনটা কখন

**১১. প্রজেক্ট সেভ, টিম ও শেয়ার লিংক**

**১২. কাস্টম ম্যাপ অর্ডার**
আমাদের দিয়ে বানিয়ে নেওয়া

**১৩. বই ও কোর্স কেনা**

**১৪. সমস্যা ও সমাধান (FAQ)**

## ১. এক নজরে — এই সাইটে কী কী আছে

| কী | কোথায় | কাজ |
|---|---|---|
| Study Area Map | aljubaer.com/atlas | নিজে ম্যাপ বানানো ও ডাউনলোড |
| Map prices | /atlas/upgrade.php | ম্যাপ প্যাকেজ কেনা |
| My purchases | /atlas/orders.php | প্যাকেজ, ক্রেডিট, তৈরি ফাইল, অর্ডারের অবস্থা |
| Projects | /atlas/projects.php | সেভ করা ম্যাপ ও টিম প্রজেক্ট |
| Custom map | /atlas/request.php | আমাদের দিয়ে ম্যাপ বানিয়ে নেওয়া |
| Books & courses | /books-and-courses | বই ও কোর্স কেনা |
| Student services | /services | Job Kit, Proposal Kit ইত্যাদি |

## ২. অ্যাকাউন্ট ও লগইন

1. উপরের ডানে **Sign in** → নতুন হলে **Create account**।
2. নাম, ইমেইল ও পাসওয়ার্ড দিন। ইমেইলে ৬ সংখ্যার কোড যাবে — সেটি বসিয়ে ইমেইল নিশ্চিত করুন।
3. একবার লগইন করলেই Study Area Map (Atlas) খুলে যাবে — আলাদা করে লগইন করতে হয় না।

> **ইমেইল নিশ্চিত করা কেন জরুরি:** পুরনো ক্রেডিট, অর্ডার ও তৈরি ম্যাপ ফাইল আপনার অ্যাকাউন্টের সাথে তখনই যুক্ত হয় যখন ইমেইল যাচাই করা থাকে। এটি নিরাপত্তার নিয়ম — অন্য কেউ আপনার ইমেইল লিখে আপনার কেনা জিনিস নিতে পারবে না।


## ৩. প্রথম ম্যাপ — ৭ ধাপে

> **ধাপ ১ — এলাকা:** প্যানেলের ১ নম্বর অংশে সার্চ বক্সে এলাকার নাম লিখুন (যেমন `যশোর` বা `Jashore`), তালিকা থেকে বেছে Enter চাপুন।




নাম লিখে এলাকা খোঁজা — জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা, সিটি ওয়ার্ড, পৌরসভা সব একসাথে

> **ধাপ ২ — স্তর (Level):** চাইলে ড্রপডাউন থেকেও বাছতে পারেন: বিভাগ → জেলা → উপজেলা → ইউনিয়ন → মৌজা, অথবা সিটি/পৌরসভার তালিকা।



স্তরের তালিকা — নিচে সিটি ও পৌরসভার আলাদা গ্রুপ


**ধাপ ৩ — লেয়ার:** ২ নম্বর অংশে যা দরকার তা টিক দিন — সীমানা, নদী, রাস্তা, হাসপাতাল, স্কুল, বন্যাপ্রবণ এলাকা, ভূমি আচ্ছাদন ইত্যাদি।

**ধাপ ৪ — রং ও ডেটা:** ৩ নম্বর অংশে জনসংখ্যা/ঘনত্ব দিয়ে রং, নিজের Excel ডেটা দিয়ে রং, বা Insights Lab-এর সূচক।

**ধাপ ৫ — শিরোনাম ও তথ্যসূত্র:** ৫ নম্বর অংশে শিরোনাম, উপশিরোনাম, চিত্র নম্বর (Figure 3.2), আপনার নাম ও বিভাগ/প্রতিষ্ঠান লিখুন — এগুলো শিটে ছাপা হবে।

**ধাপ ৬ — শিটের সাজ:** ৬ নম্বর অংশে কাগজ (A4/A3...), দিক (লম্বা/আড়াআড়ি), গ্রিড (BTM/UTM/অক্ষাংশ), আর ৫টা সাজের যেকোনো একটি।

**ধাপ ৭ — ডাউনলোড:** ৮ নম্বর অংশে রেজোলিউশন (১৫০ বা ৩০০ dpi) বেছে PNG / JPG / PDF / TIFF / EPS চাপুন।




DISTRICT MAP

# DISTRICT JASHORE

DIVISION KHULNA

N

SCALE

0 — 20 km

R.F. 1:462,200



Location in Khulna Division

## LEGEND

**Administrative Boundary**

- District boundary (study area)
- Upazila boundary
- Surrounding district boundary

**Disclaimer:** Information on this sheet is for study and research use. Boundaries shown are not authoritative.

**Compiled from:** BBS Census 2022 boundaries

**Projection:** WGS 84 (EPSG:4326)

**Prepared by:** Al Jubaer GIS Hub · 17 September 2026

তৈরি শিট — শিরোনাম ব্লক, স্কেল বার, নর্থ অ্যারো, লেজেন্ড, ইনডেক্স ম্যাপ ও তথ্যসূত্র একসাথে

# ৪. এলাকা বাছার সব উপায়

## ক) নাম লিখে খোঁজা (দ্রুততম)

- পুরনো বানান চলে: Jessore → Jashore, Comilla → Cumilla, Bogra → Bogura।
- একই নামের এলাকা আলাদা করা যায় — প্রতিটি সারির নিচে কোন উপজেলা/জেলা/বিভাগ তা লেখা থাকে।
- **+** বোতাম চাপলে আগের এলাকার সাথে যোগ হয় (যেমন যশোর + নড়াইল এক শিটে)।
- মৌজা খুঁজতে আগে জেলা বাছুন, তারপর তালিকার নিচের **“Also search mouzas / villages of …”** চাপুন।

## খ) ড্রপডাউন দিয়ে

স্তর বাছলে কেবল দরকারি ড্রপডাউনগুলো দেখা যায়। যেমন ইউনিয়ন বাছলে: বিভাগ → জেলা → উপজেলা → ইউনিয়ন।

## গ) একাধিক এলাকা এক শিটে

এলাকা বেছে **“+ Add this area to the map”** চাপুন। দূরের এলাকা হলে শিট নিজেই আলাদা প্যানেলে ভাগ করে দেখায় (বিন্যাস বদলানো যায়)।

# GIS Map Atlas

জিআইএস ম্যাপ অ্যাটলাস

English | বাংলা

**0 clean maps** left **My purchases** · **Buy**

🔒 This map is locked — preview only, no download

**Continue where you left off?** “District Jashore” — edited just now

**Continue this map**

**Start a new one**

👥 **Work with others on this map**

**Save to a team project**

🌎 **Explore**

Browse the atlas, click anything

🗺 **Study area**
LGED sheet, legend, index map

📄 **Report**
Clean landscape figure

🎓 **Thesis**
A4, BTM grid, figure no.

📺 **Slide**
16:9, big title

**1** **Area** এলাকা — Bangladesh ▼

🔍 Find an area — district, upazila, uni

📍 **Start from your data**

Upload points (CSV with lat/long or X/Y), KML, shapefile or GeoJSON — the map finds the district / upazila, selects it and zooms there.

ফাইল দিন — ম্যাপ নিজেই এলাকা খুঁজে নেবে।

**Level** স্তর

Bangladesh — all divisions · বাংলাদেশ ⌄

**+ Add this area to the map** এলাকা যোগ করুন

Outside the area এলাকার বাইরে

প্যানেলের ১ নম্বর অংশ — সার্চ, ফাইল থেকে এলাকা, স্তর ও ড্রপডাউন

## ৫. সিটি কর্পোরেশন ও পৌরসভার ম্যাপ

| ম্যাপ | স্তর বাছুন | ভেতরে যা আঁকা হয় |
|---|---|---|
| পুরো সিটি কর্পোরেশন | City Corporation | সব **থানা** ও সব **ওয়ার্ড** সীমানা, নামসহ |
| শহরের একটি থানা | City Thana | ওই থানার সব ওয়ার্ড |
| একটি ওয়ার্ড | City Ward | শুধু সেই ওয়ার্ড |
| পৌরসভা | Municipality (Pourashava) | পৌরসভার সব **ওয়ার্ড**, নামসহ |
| পৌরসভার একটি ওয়ার্ড | Municipality Ward | শুধু সেই ওয়ার্ড |

- **ঢাকা:** ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ আলাদা দুটি সিটি কর্পোরেশন — আলাদা বাছতে হবে; দুটোকে একসাথেও এক শিটে দেওয়া যায় (+ বোতাম)।
- দেশের ১২টি সিটি কর্পোরেশন ও ৩২৮টি পৌরসভার প্রতিটির ওয়ার্ড সীমানা আছে (BBS ২০২২)।
- সিটি ম্যাপে ইনডেক্স ম্যাপ দুটি — বাংলাদেশে অবস্থান ও জেলার ভেতরে অবস্থান।

> **টিপ:** “২ নম্বর অংশ → Boundaries”-এ দুটো টিক বক্সের নাম এলাকা অনুযায়ী বদলায় — সিটির জন্য “Thanas / Wards”, পৌরসভার জন্য “Wards”, জেলার জন্য “Upazilas / Unions”।

## ৬. লেয়ার, রং ও লেখা

### লেয়ার (২ নম্বর অংশ)

- সীমানা: এক ধাপ ও দুই ধাপ নিচের, চারপাশের সীমানা, পার্শ্ববর্তী এলাকা
- প্রাকৃতিক: নদী, জলাশয়, বন, জলাভূমি, বন্যাপ্রবণ এলাকা, সুন্দরবন
- অবকাঠামো: LGED সড়ক (১১ শ্রেণি), রেল, হাসপাতাল, স্কুল, ব্যাংক, বাজার, থানা, সাইক্লোন শেল্টার
- বেসম্যাপ: নেই / হালকা / OpenStreetMap / স্যাটেলাইট
- ভূমি আচ্ছাদন (ESA WorldCover ১০ মিটার)

### রং ও ডেটা (৩ নম্বর অংশ)

- জনসংখ্যা, জনঘনত্ব (BBS ২০২২)
- প্রতিটি এলাকা আলাদা রং
- MICS সূচক (বিভাগ/জেলা)
- নিজের Excel/CSV ডেটা দিয়ে রং
- Insights Lab-এর সূচক

**Continue where you left off?** “District Jashore” — edited just now

**Continue this map**

**Start a new one**

👥 **Work with others on this map**

**Save to a team project**

🌎 **Explore**
Browse the atlas, click anything

🗺 **Study area**
LGED sheet, legend, index map

📄 **Report**
Clean landscape figure

🎓 **Thesis**
A4, BTM grid, figure no.

📺 **Slide**
16:9, big title

**1** **Area** এলাকা District Jashore ▶

✎ **Study area text** স্টাডি এরিয়ার বিবরণ for your ... ▼

Written from the areas on the sheet: location, extent, neighbours, area, BBS 2022 population and density. Copy it into your chapter and add what you know about the place.

শিটের এলাকা থেকে লেখা — কপি করে থিসিসে বসান, নিজের তথ্য যোগ করুন।

গবেষণা এলাকা Jashore জেলা, যা Khulna বিভাগ-এর অন্তর্গত। এলাকাটি ২২°৪৭′৪৩″–২৩°২২′৩০″ উত্তর অক্ষাংশ এবং ৮৮°৫০′৪৬″–৮৯°৩৩′৪৩″ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। এর উত্তরে Jhenaidah ও Magura; পূর্বে Narail; দক্ষিণে Khulna ও Satkhira জেলা অবস্থিত। এলাকাটির আয়তন প্রায় ২,৫৮৮ বর্গকিলোমিটার এবং বিবিএস জনশুমারি ২০২২ অনুযায়ী জনসংখ্যা ৩,০৭৭,২৪৪ জন, অর্থাৎ প্রতি বর্গকিলোমিটারে প্রায় ১,১৮৯ জন বাস করেন। এলাকাটিতে ৮টি উপজেলা রয়েছে; জনসংখ্যায় বড় Jashore Sadar, Manirampur ও Sharsha।

লেয়ার অংশ — যা টিক দেবেন তা-ই ম্যাপে ও লেজেন্ডে আসবে

## ৭. নিজের ডেটা আপলোড

1. প্যানেলের ১ নম্বর অংশে "📍 **Start from your data**" অথবা ৭ নম্বর অংশে ফাইল দিন।
2. চলবে: `.csv` (lat/long বা X/Y কলাম), `.xlsx`, `.kml`, `.gpx`, `.geojson`, শেপফাইল (`.zip` অথবা .shp+.dbf+.prj একসাথে)।
3. ম্যাপ নিজেই কলাম চিনে নেয়, এলাকা খুঁজে বের করে আর সেখানে জুম করে — কোন জেলা/উপজেলায় কয়টা পয়েন্ট পড়েছে তা দেখিয়ে দেয়।
4. BTM বা UTM কোঅর্ডিনেট হলেও চিনে নেয়।

> **মনে রাখুন:** ফাইল আপনার ব্রাউজারেই পড়া হয় — সার্ভারে আপলোড হয় না। তাই মাঠের অপ্রকাশিত ডেটা নিরাপদ।

### এলাকার নামের ডেটা দিয়ে রং

"Colour by your own data"-তে নাম + সংখ্যার কলামসহ Excel দিলে নাম মিলিয়ে ম্যাপে রং হয়। প্রতিটি সারির পাশে ✓ (মিলেছে), ≈ (কাছাকাছি), ? (একাধিক), ✗ (মেলেনি) — নিজে ঠিক করার সুযোগসহ।

## ৮. বিশ্লেষণ


| কাজ | কোথায় | ফল |
|---|---|---|
| বাফার রিং | ৩ নম্বর অংশ → Analyse your points | ২০০ মি – ৫ কিমি বা নিজের মাপ |
| এলাকাভিত্তিক গণনা | একই জায়গা | সংখ্যা / প্রতি ১০,০০০ জনে / প্রতি বর্গকিমিতে + CSV |
| Insights Lab | ৩ নম্বর অংশ | বন্যা ঝুঁকি, স্বাস্থ্য, শিক্ষা, ব্যবসার সূচক (০–১০০) |
| আগে/পরে স্যাটেলাইট | ২ নম্বর অংশ → Before/after imagery | ২০১৪ → আজ, মাঝের হ্যান্ডেল টেনে তুলনা |
| স্টাডি এরিয়ার বিবরণ | ৩ নম্বর অংশ → Study area text | বাংলা ও ইংরেজিতে লেখা অনুচ্ছেদ |

> **থিসিসে লিখে দেবেন:** দূরত্ব সোজা লাইনে মাপা (রাস্তা ধরে নয়); সুবিধার তালিকা DGHS, LGED ও OpenStreetMap থেকে, অসম্পূর্ণ হতে পারে।

## ৯. প্যাকেজ কেনা ও পেমেন্ট

ম্যাপ বানানো ও ওয়াটারমার্কসহ প্রিভিউ **ফ্রি**। ওয়াটারমার্ক ছাড়া ফাইল নামাতে একটি প্যাকেজ লাগে।

| প্যাকেজ | দাম | কী পাবেন |
|---|---|---|
| **১ ম্যাপ** | ৳৫০ | ১টি ম্যাপ, ৩০ দিন যতবার খুশি ডাউনলোড |
| **২ ম্যাপ** | ৳১০০ | ২টি ম্যাপ, ৩০ দিন |
| **৫ ম্যাপ** | ৳২০০ | ৫টি ম্যাপ, ৩ মাস (প্রতি ম্যাপ ৳৪০) |
| **১০ ম্যাপ** | ৳৪০০ | ১০টি ম্যাপ, ৬ মাস (প্রতি ম্যাপ ৳৪০) |
| **২০ ম্যাপ** | ৳৫০০ | ২০টি ম্যাপ, ১ বছর — **প্রতি ম্যাপ ৳২৫, সবচেয়ে সাশ্রয়ী** |
| **আনলিমিটেড** | ৳১,০০০ | ১ বছর, যত খুশি ম্যাপ |
| **কাস্টম ম্যাপ** | ৳৫০০ – ৳২,০০০ | প্রতি শিট — আমরা হাতে বানিয়ে দেব, সম্পাদনাযোগ্য ফাইলসহ |




Map prices & packages পাতা


## পেমেন্টের ধাপ

1. প্যাকেজ বেছে **Choose** চাপুন।
2. bKash / Nagad / Rocket-এ দেওয়া নম্বরে টাকা পাঠান।
3. ফর্মে **যে নম্বর থেকে পাঠিয়েছেন**, **TrxID** (SMS-এ যেভাবে আছে হুবহু) ও টাকার অঙ্ক লিখে জমা দিন।
4. অ্যাডমিন যাচাই করে অনুমোদন দিলে ইমেইল যাবে, আর Study Area Map-তে নিজে থেকেই আনলক হয়ে যাবে — পাতা রিলোড করলেই হবে।

> **জরুরি নিয়ম:** একটি TrxID পুরো সাইটে একবারই ব্যবহার করা যায়। অনুমোদনের আগে কোনো অ্যাক্সেস চালু হয় না — তাই ভুয়া TrxID দিয়ে লাভ নেই।


## “এক ম্যাপ” মানে কী


- এক ম্যাপ = **একটি নির্দিষ্ট এলাকা-সেট** (যেমন “যশোর জেলা”, বা “যশোর + নড়াইল”) এবং আপনার আপলোড করা লেয়ারগুলো।
- ওই ম্যাপের রং, কাগজ, শিরোনাম, লেয়ার বদলালে নতুন ম্যাপ লাগে না — **৩০ দিন** পর্যন্ত যতবার খুশি নতুন করে ডাউনলোড করা যায়।
- **এলাকা বদলালেই** সেটি নতুন ম্যাপ — তখন ওয়াটারমার্ক ফিরে আসে এবং ডাউনলোড বোতামে 🔒 দেখায়। আগের এলাকায় ফিরে গেলে আবার আনলক।
- কোন ম্যাপ কেনা আছে, কয়টা বাকি — সবই **My purchases** পাতায়।




My purchases — প্যাকেজ, ব্যবহৃত ম্যাপ, তৈরি ফাইল ও অর্ডারের অবস্থা

# ১০. ডাউনলোড ফরম্যাট


Continue where you left off? "District Jashore" — edited just now
Continue this map
Start a new one
Work with others on this map
Save to a team project
Explore
Browse the atlas, click anything
Study area
LGED sheet, legend, index map
Report
Clean landscape figure
Thesis
A4, BTM grid, figure no.
Slide
16:9, big title
1 Area এলাকা District Jashore ▶
Study area text স্টাডি এরিয়ার বিবরণ for your ... ▶
2 Layers স্তর 0 on ▶
3 Colour & data রং ও ডেটা none ▶
4 Labels নাম ▶
5 Title & credits শিরোনাম ▶



৮ নম্বর অংশ — রেজোলিউশন ও ফরম্যাট

| ফরম্যাট | কখন নেবেন | মনে রাখুন |
|---|---|---|
| **PNG** | থিসিস/রিপোর্টে বসানোর জন্য (সবচেয়ে ভালো মান) | ফাইল বড় হয় |
| **JPG** | ইমেইল, উপস্থাপনা, ওয়েব | ফাইল ছোট, মান সামান্য কম |
| **PDF** | ছাপার জন্য, কাগজের মাপ ঠিক রেখে | A4 হলে A4-ই ছাপবে |
| **TIFF** | প্রেস/ছাপাখানা, পোস্টার, জার্নালের দাবি | dpi ফাইলের ভেতরে লেখা থাকে; ফাইল বড় |
| **EPS** | Illustrator / InDesign / ছাপাখানায় বসানোর জন্য | ভেতরের ছবিটি রাস্টার (ভেক্টর লাইন নয়) — কাগজের মাপ ঠিক থাকে |


- **রেজোলিউশন:** থিসিসের জন্য ৩০০ dpi; শুধু স্ক্রিনে দেখানোর জন্য ১৫০ dpi যথেষ্ট।
- বড় কাগজে (A1/A0) ৩০০ dpi ব্রাউজারের সীমার বাইরে গেলে সর্বোচ্চ যতটা সম্ভব ততটা দিয়ে ফাইল বানায় এবং কত dpi হলো তা বলে দেয়।
- প্যাকেজ ছাড়া এই বোতামগুলো **শুধু স্ক্রিনে ওয়াটারমার্কসহ প্রিভিউ** দেখায় — ফাইল সেভ হয় না।

## ১১. প্রজেক্ট সেভ, টিম ও শেয়ার লিংক

- **সেভ:** কাজ নিজে থেকেই সেভ হয়; পরে ঢুকলে “Continue where you left off” দেখায়। নাম দিয়ে আলাদা প্রজেক্টও রাখা যায়।
- **টিম প্রজেক্ট:** সুপারভাইজার বা সহপাঠীকে যোগ করে একই ম্যাপে কাজ করা যায়; প্রজেক্টের মালিকের প্যাকেজ দিয়ে সবাই ডাউনলোড করতে পারে।
- **শেয়ার লিংক ও QR:** ম্যাপের নিচে “🔗 Share · QR” — শুধু-দেখার লিংক তৈরি হয়, সাথে QR কোড (পোস্টারে ছাপার জন্য)। লিংক যেকোনো সময় বন্ধ করা যায়।

## ১২. কাস্টম ম্যাপ অর্ডার

নিজে বানাতে না চাইলে **/atlas/request.php**-এ অর্ডার দিন: কী ম্যাপ, কোন এলাকা, কী কী দেখাতে হবে, কবে লাগবে — লিখে দিন। নিজের ডেটা থাকলে ফাইলও দিতে পারবেন।





কাস্টম ম্যাপের অর্ডার ফর্ম

অর্ডার অনুমোদনের পর তৈরি ফাইল **My purchases → Ready files**-এ আসবে, ইমেইলও পাবেন।

## ১৩. বই ও কোর্স কেনা

1. **/books-and-courses** পাতায় যান।
2. বই বা কোর্স বেছে দাম দেখুন; কিছু বইয়ের ফ্রি প্রিভিউ আছে।
3. ম্যাপ প্যাকেজের মতোই bKash/Nagad/Rocket-এ টাকা পাঠিয়ে TrxID দিন।
4. অনুমোদনের পর অ্যাকাউন্টেই বই পড়া বা কোর্স দেখার সুযোগ চালু হবে।


Al Jubaer
Home
About
Work
Research
Learn
Services
Contact
⌘K
Back to Home
Books & Courses Library
Read the books & take the courses
A curated library of professional books — read online with a free 10-page preview — and outcome-driven courses, by Al Jubaer.
1
Books · 0 free
0
Courses · self-paced
0
Library reads · and counting
Lifetime
Access · with membership
Featured
৳250 BDT
10-page free preview
Test GIS Book
by Al Jubaer
PDF · read online
No downloads · DRM-safe
Any device
0 views
Start reading free preview →
Unlock for ৳250
10-page free preview
Try every paid book risk-free
Read-only viewer
No downloads, no printing
Premium unlocks all
Lifetime access included
Manual approval
bKash / Nagad / Rocket
Books (1)
Courses (0)
Search books, authors...
All categories
Featured
PAID
Test GIS Book
by —
৳250 BDT
Preview →
✓ Free 10-page preview
All Credit @ Al Jubaer | aljubaer.com

বই ও কোর্সের পাতা

## ১৪. নতুন যা যোগ হয়েছে (সেপ্টেম্বর ২০২৬)

### ★ এক ক্লিকে "সব" এলাকা

প্রতিটি স্তরের শেষ ড্রপডাউনের একদম উপরে এখন একটি তারকা-চিহ্নিত সারি থাকে — **★ All 9 wards · সব ওয়ার্ড**। একবার বাছলেই পৌরসভার সব ওয়ার্ড, সিটি কর্পোরেশনের সব ওয়ার্ড, উপজেলার সব ইউনিয়ন বা ইউনিয়নের সব মৌজা একসাথে শিটে বসে; শিরোনামও নিজে থেকে হয়ে যায়।

### 🧭 নর্থ অ্যারো ও স্কেল — ম্যাপের কোণে, ৯টি ও ৬টি নকশা

দুটোই এখন **ম্যাপের ডান-নিচের কোণে** — উপরে তীর, নিচে স্কেল। "Sheet layout" সেকশনের উপরে ছবি দেখে বেছে নেওয়া যায়: ৯ রকম নর্থ অ্যারো (ক্লাসিক, কম্পাসের কাঁটা, চার/আট-কোণা রোজ, ফাঁপা, সরু, বৃত্তে, জরিপ ধরন, শুধু N) আর ৬ রকম স্কেল বার। সব ডাউনলোডেই (PNG/JPG/PDF/TIFF/EPS) ঠিক থাকে।

### 🌐 সরাসরি খোলা ডেটা

"নিজের ডেটা" সেকশনে এক ক্লিকের ছয়টি বোতাম — বাস টার্মিনাল, রেলস্টেশন, সেতু, পাম্প, সরকারি অফিস, ভূমিকম্প। "আরও স্তর"-এ আরও ১৬টি (বেড়িবাঁধ, স্লুইস গেট, খাল, বিদ্যুৎ উপকেন্দ্র, টাওয়ার, ডাকঘর, খেলার মাঠ, পার্ক, কবরস্থান, প্রত্নস্থল, হোটেল, ভবনের আউটলাইন...)। এগুলো OpenStreetMap ও NASA/USGS থেকে আসে — সাইটে আগে থেকে থাকা স্তরগুলো এখানে নেই।

**জলবায়ুর গড়:** একই বাক্সের নিচে "Climate normals" চাপলে NASA POWER থেকে ৩০ বছরের মাসভিত্তিক বৃষ্টিপাত ও তাপমাত্রা আসে — বার-চার্ট, CSV ডাউনলোড, আর রেফারেন্সসহ একটি রেডি ইংরেজি অনুচ্ছেদ যা সরাসরি থিসিসের "Study Area — Climate" অংশে বসিয়ে দেওয়া যায়।

### 🗺 ভূমি আচ্ছাদন — ২০১৭ থেকে ২০২৪

"Land cover" অংশে এখন তিনটি উৎস: ESA WorldCover (২০২০, ২০২১ · ১০ মি), Esri Sentinel-2 (প্রতি বছর ২০১৭–২০২৪ · ১০ মি) ও NASA MODIS (২০১৭–২০২২ · ৫০০ মি)। একই এলাকার দুই বছর পাশাপাশি দিলে ভূমি ব্যবহারের পরিবর্তন দেখানো যায়। কোনো উৎস সাড়া না দিলে এক ক্লিকে অন্যটিতে যাওয়ার বোতাম আসে।

### 🎫 কুপন ও ছাড়

কেনার পাতায় টাকার ঘরের উপরে কুপনের বাক্স। কোড লিখে **Apply** চাপলে দাম কমে যায় এবং "কত টাকা পাঠাবেন" লাইনটিও বদলে যায়। কোড না চললে কেন চলবে না তা পরিষ্কার লেখা থাকে।

### 🏦 ব্যাংক ট্রান্সফার

মোবাইল ব্যাংকিং ছাড়াও এখন ব্যাংক থেকে পাঠানো যায়। কেনার পাতায় হিসাবের নাম, নম্বর (কপি বোতামসহ), শাখা ও রাউটিং নম্বর দেখা যায়; ফরমে "Bank transfer" বাছলে বাংলাদেশের সব তালিকাভুক্ত ব্যাংকের তালিকা থেকে নিজের ব্যাংক বেছে নেওয়া যায়।

### 🔄 নিজে থেকেই হালনাগাদ

পেমেন্ট অনুমোদিত হলে পাতা রিলোড না করলেও ক্রেডিট বেড়ে যায় ও ওয়াটারমার্ক উঠে যায় — ২০ সেকেন্ডের মধ্যে, আর ট্যাবে ফিরে এলে সাথে সাথেই।

## ১৫. সমস্যা ও সমাধান (FAQ)

| সমস্যা | কী করবেন |
|---|---|
| ডাউনলোড বোতামে 🔒 দেখাচ্ছে | ওই এলাকার জন্য প্যাকেজ নেই, বা আপনি এলাকা বদলেছেন। My purchases দেখুন, বা আগের এলাকায় ফিরে যান। |
| টাকা পাঠিয়েছি, এখনো আনলক হয়নি | অ্যাডমিন অনুমোদন দিলেই হবে (সাধারণত কয়েক ঘণ্টা)। অনুমোদনের পর পাতা রিলোড করুন। জরুরি হলে WhatsApp করুন। |
| ম্যাপ খালি/সাদা দেখাচ্ছে | Ctrl + F5 চাপুন। ইন্টারনেট ধীর হলে বড় লেয়ার (ইউনিয়ন/মৌজা) আসতে সময় নেয়। |
| মৌজা তালিকায় আসছে না | আগে জেলা বাছুন — মৌজা জেলা ধরে ধরে লোড হয়। |
| পৌরসভার ওয়ার্ড খুঁজে পাচ্ছি না | স্তরে “Municipality Ward” বাছুন, অথবা সার্চে পৌরসভার নাম লিখে ওয়ার্ড বাছুন। |
| A0 কাগজে ৩০০ dpi হচ্ছে না | ব্রাউজারের সীমা — ২০০ dpi বা A1 নিন, অথবা কাস্টম ম্যাপ অর্ডার করুন। |
| স্যাটেলাইট ছবি আসছে না | ছবি সরবরাহকারীর সার্ভার সাময়িক বন্ধ থাকতে পারে — প্যানেলে বার্তা দেখাবে; পরে চেষ্টা করুন। |
| ভূমি আচ্ছাদন চালু করলাম, কিন্তু ম্যাপে কিছু নেই | ওই উৎসের সার্ভার আপনার নেটওয়ার্ক থেকে সাড়া দিচ্ছে না। হলুদ বাক্সে যে বোতামটি আসে, সেটি চেপে অন্য উৎস (যেমন NASA MODIS) নিন। |
| এক পৌরসভার সব ওয়ার্ড একসাথে চাই | ওয়ার্ডের ড্রপডাউনে সবার উপরে **★ All … wards** সারিটি বাছুন। |
| খোলা ডেটা আনলাম, কিছুই এল না | OpenStreetMap স্বেচ্ছাসেবীদের ডেটা — প্রত্যন্ত এলাকায় পাতলা। বার্তায় তা লেখা থাকবে; এটি ত্রুটি নয়। |
| বাংলা নাম দেখাচ্ছে না | এখন BBS-এর ইংরেজি নাম ব্যবহার হচ্ছে; শিটের লেখা বাংলা করা যায় (ভাষা বোতাম)। |

### সহায়তা

**Pentraex — Study Area Map**
ওয়েবসাইট: aljubaer.com/atlas
কল / WhatsApp: ০১৯১৯৫০০৭৮০
কাজের সময়: প্রতিদিন সকাল ১০টা – রাত ১০টা

> এই গাইডে যা নেই এমন কিছু দরকার হলে WhatsApp-এ এলাকার নাম আর কী ম্যাপ লাগবে লিখে পাঠান — নমুনা বানিয়ে দেখিয়ে দেওয়া হবে।